টিএসসিতে ককটেল ফাটিয়ে পালানোর সময় ছাত্রদলের হাতে আটক



ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) এলাকায় পরপর দুটি ককটেল বিস্ফোরণের ঘটনায় এক ব্যক্তিকে আটক করেছেন ছাত্রদলের নেতাকর্মীরা। রোববার (৮ নভেম্বর) সন্ধ্যা ৬টা ৪০ মিনিটের দিকে তাকে আটক করা হয়।

এ প্রতিবেদন লেখা পর্যন্ত সন্ধ্যা ৬টা ৫৫ মিনিটে আটক ব্যক্তিকে থানায় হস্তান্তরের উদ্দেশ্যে নিয়ে যাচ্ছিলেন ছাত্রদলের নেতাকর্মীরা। তবে তার নাম-পরিচয় তাৎক্ষণিকভাবে জানা যায়নি।

এর আগে সন্ধ্যা ৬টা ৩৫ মিনিটের দিকে টিএসসিতে ঢাবি ছাত্রদলের ডকুমেন্টেশন প্রদর্শনী কর্মসূচির পেছনে সোহরাওয়ার্দী উদ্যানের বন্ধ গেটসংলগ্ন এলাকায় একটি ককটেল বিস্ফোরিত হয়। একই সময়ে উচ্চতর সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্রের পাশের সড়কেও আরেকটি ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটে।

বিস্ফোরণের পরপরই সেখানে উপস্থিত ছাত্রদলের নেতাকর্মীরা ধাওয়া করে একজনকে আটক করেন।

LENS ASIA